# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتَانِي جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ قَالَ: أَتَيْتُكَ الْبَارِحَةَ فَلَمْ يَمْنَعْنِي أَنْ أَكُونَ دَخَلْتُ إِلَّا أَنَّهُ كَانَ عَلَى الْبَابِ تَماثِيلُ وَكَانَ فِي الْبَيْتِ قِرَامُ سِتْرٍ فِيهِ تَمَاثِيلُ وَكَانَ فِي الْبَيْتِ كَلْبٌ فَمُرْ بِرَأْسِ التِّمْثَالِ الَّذِي عَلَى بَابِ الْبَيْتِ فَيُقْطَعْ فَيَصِيرُ كَهَيْئَةِ الشَّجَرَةِ وَمُرْ بِالسِّتْرِ فَلْيُقطع فَلْيُجْعَلْ وِسَادَتَيْنِ مَنْبُوذَتَيْنِ تُوطَآنِ وَمُرْ بِالْكَلْبِ فَلْيُخْرَجْ . فَفَعَلَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

বাংলা

৪৫০১-[১৩] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জিবরীল (আ.) আমার কাছে এসে বললেনঃ আমি গত রাতে আপনার কাছে এসেছিলাম, কিন্তু ঘরের ভিতরে প্রবেশ করতে আমাকে যে জিনিস বিরত রেখেছিল তা হলো গৃহদ্বারের ছবিগুলো এবং ঘরের দরজায় একখানা পর্দা ঝুলানো ছিল, তাতে ছিল অনেকগুলো প্রাণীর ছবি। আর ঘরের ভেতরে ছিল একটি কুকুর। সুতরাং ঐ প্রতিকৃতিগুলোর মাথা কেটে ফেলার নির্দেশ দিন, যা ঘরের দরজায় রয়েছে, তা কাটা হলে তখন তা গাছ-গাছড়ার আকৃতি হয়ে যাবে এবং পর্দাটি সম্পর্কে নির্দেশ দিন, তাকে কেটে দু’টি গদি তৈরি করে নেবে, যা বিছানা এবং পায়ের নিচে থাকবে। আর কুকুরটি সম্পর্কে নির্দেশ দিন, যেন এটাকে অবশ্যই ঘর হতে বের করে দেয়া হয়। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাই করলেন। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৯৭০, আবূ দাউদ ৪১৫৮, সহীহ ইবনু হিব্বান ৫৮৫৪, সহীহুল জামি‘ ৬৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩০৬০, শু‘আবুল ঈমান ৬৩১৪, আস্ সুনানুস্ সুগরা ২৭১৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৪৯৭০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (...أَتَانِي جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ قَالَ: أَتَيْتُكَ الْبَارِحَةَ) জিবরীল আমার কাছে আগমন করে বললেনঃ আমি গত রাতে আপনার নিকটে এসেছিলাম। বাড়ীতে প্রবেশ মুখে দরজায় পর্দার ছবির কারণে প্রবেশ করতে পারিনি। দরজাতে পাতলা পশমি কাপড়ের রঙিন চাদর টাঙানো ছিল এবং ঘরে কুকুর ছিল। জিবরীল (আ.) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেনঃ ঘরের পর্দাতে যে প্রাণীর ছবি আছে তার মাথা কেটে ফেলতে বলুন যাতে তা গাছের মতো হয়ে যায়। কেননা গাছ এবং যার প্রাণ নেই এমন ছবি অঙ্কন করা ও তার দ্বারা উপার্জন করা হারাম নয়। গাছ ফলদায়ক হোক বা না হোক এতে কোন পার্থক্য হবে না। ইবনু রাসলান বলেনঃ এটাই সমস্ত ‘আলিমের অভিমত কেবল মুজাহিদ (রহিমাহুল্লাহ) ব্যতিরিকে। তার নিকট ফলদায়ক গাছের ছবি তৈরি করা মাকরূহ, যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, وَمَنْ أَظْلَمُ مِمَّنْ ذَهَبَ يَخْلُقُ خَلْقًا كَخَلْقِي তার চেয়ে অধিক যালিম আর কে আছে যে আমার সৃষ্টির মতো সদৃশ কিছু তৈরি করে।

(...وَمُرْ بِالسِّتْرِ فَلْيُقْطَعْ فَلْيُجْعَلْ وِسَادَتَيْنِ) এবং আদেশকরণ পর্দা দিয়ে যেন ২টি বালিশ বা বিছানার চাদর তৈরি করেন যা বিছানোর কাজে ব্যবহৃত হবে এবং তাতে পদাঘাত এবং বসার মাধ্যমে অপমানিত হবে। ‘আল্লামা কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ পর্দা কেটে ২টি বালিশ বা চাদর তৈরি করার অনুমতি থেকে বুঝা যায় যে, প্রাণীর ছবিযুক্ত কাপড় দিয়ে বিছানা বা বালিশ বানানো জায়িয।

ইমাম খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) “মা‘আলিমুস্ সুনান” গ্রন্থে বলেনঃ এ হাদীসের মাধ্যমে প্রমাণিত হয় যে, কোন প্রাণীর ছবিযুক্ত কাপড় থেকে যদি মাথা কেটে বা মুছে ফেলে ছবির বিকৃতি ঘটানো যায় তাহলে উক্ত কাপড় ব্যবহারে কোন অসুবিধা নেই। (‘আওনুল মা‘বূদ ৭ম খন্ড, হাঃ ৪১৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75225

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন